



127918

[একই স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত]

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১২৩৯

তারিখ: ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: জনাব মোঃ শাহজাহান আলী সুপার পদে দায়িত্ব পালন প্রসঙ্গে

- সূত্র: ১। নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১১৯১/৫; তারিখ: ২৬.০৮.২০২০খ্রি.
২। নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১২০০; তারিখ: ১৭.০৯.২০২০খ্রি.
৩। নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১২৩২; তারিখ: ০৮.১২.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার (চূড়ান্ত বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান আলী কর্তৃক দায়েরকৃত ডিসি রিট পিটিশন নং-১৫১/২০২০ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট তার ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত নিষ্পত্তির জন্য গত ২৩.০৬.২০২০খ্রিঃ আদেশ জারি করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশ মোতাবেক জনাব মোঃ শাহজাহান আলী এর ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত/অভিযোগ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ০৭.০৯.২০২০খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য সভাপতি, সুপার (ভারপ্রাপ্ত) ও সুপার (চূড়ান্ত বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান আলীকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব আঃ খালেক, ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ জয়নাল আবেদীন ও চূড়ান্ত বরখাস্তকৃত সুপার জনাব মোঃ শাহজাহান আলী স্ব-শরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ শাহজাহান আলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি- ১৪(২) অনুসারে তদন্ত না হওয়ায় বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বিধি মোতাবেক বরখাস্তকরণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় জনাব মোঃ শাহজাহান আলী-র চূড়ান্ত বরখাস্ত আদেশ প্রত্যাহার করে স্বপদে বহাল করে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র দেয়া হয়। মাদ্রাসা কর্তৃপক্ষ অদ্যাবধি তাঁকে স্ব-পদে বহাল না করে বোর্ড কর্তৃক প্রেরিত সূত্রোক্ত ২নং স্মারকের বিরুদ্ধে রিট পিটিশন ৬৮০৩/২০২০ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের বিষয়ে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ ও মামলায় প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি দাখিল করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র দেয়া হয়।

উল্লেখ্য, রিট পিটিশন ৬৮০৩/২০২০ এর আলোকে বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১২০০; তারিখ: ১৭.০৯.২০২০খ্রি. তারিখের পত্রটি স্থগিতাদেশ প্রদান করা হয়েছে মর্মে ভারপ্রাপ্ত সুপার ব্যাখ্যায় উল্লেখ করেছেন। উল্লেখ্য, মহামান্য হাইকোর্ট বিভাগের ১৭/১২/২০২০ খ্রি. তারিখের Cause List অনুসন্ধান দেখা যায়, অদ্যাবধি রিট পিটিশন ৬৮০৩/২০২০ মামলার কোন ধরনের স্থগিতাদেশ প্রদান করা হয়নি।

বর্গিত অবস্থায়, বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা বাস্তবায়ন না করায় এবং রিট পিটিশন ৬৮০৩/২০২০ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কোন ধরনের আদেশ প্রদান না করায় জনাব মোঃ শাহজাহান আলী পত্র জারির পর থেকে সুপার পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২২.০২.২০২১

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


২২/০২/২০২১


- প্রাপক: ১। সভাপতি, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
২। জনাব মোঃ শাহজাহান আলী, সুপার, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা
গ্রাম: আজমপুর, ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর;

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/১২৩৯

তারিখ: ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. জেলা প্রশাসক, রংপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৪. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৬. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., শাখা, পীরগঞ্জ, রংপুর;
৭. জনাব মো: জয়নাল আবেদীন, সহ-সুপার, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
৮. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।


২২/০২/২১
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২২/০২/২১